

॥ প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সম্প্রকাশকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

১৮: কবরে সুখ-শান্তির বিষয়টি কি কুরআন-সুন্নাহ দ্বারা প্রমাণিত?

হ্যাঁ, মহান আল্লাহ বলেন,

﴿أَنَّا رُّبُّ رَضُونَ عَلَيْهَا غُدُوًّا وَعَشِيًّا وَبِوَلَامَ تَقْوُمُ الْسَّاعَةُ أَوْ خِلْوَاءَ الْفِرَغِ وَأَشَدُ الْعَذَابِ﴾ [৪৬]

[৪৬: غافر]

“সকালে ও সন্ধ্যায় তাদেরকে আগুনের সামনে পেশ করা হয়। আর কিয়ামতের দিন আদেশ করা হবে, ফেরাউন গোত্রকে কঠিনতর আয়াবে দাখিল কর” (গাফির ৪৬)। অন্য আয়াতে এসেছে,

﴿يَتَبَّعُ اللَّهُ الَّذِينَ ءَامَنُوا بِالْقَوْلِ الْثَّابِتِ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الْآخِرَةِ﴾ [ابراهিম: ২৭]

“মহান আল্লাহ মুমিনদেরকে পার্থিব জীবনে এবং আখেরাতে মজবুত বাক্য দ্বারা অবিচল রাখেন” (ইবরাহীম ২৭)।

হাদীসে কুদসীতে এরশাদ হয়েছে, “আসমান থেকে একজন ঘোষণাকারী ঘোষণা দেন যে, আমার বান্দা সত্য বলেছে। অতএব, তার জন্য জান্নাতের বিছানা বিছিয়ে দাও, তাকে জান্নাতের পোষাক পরিয়ে দাও এবং তার জন্য জান্নাত পর্যন্ত একটি দরজা খুলে দাও, যেদিক দিয়ে তার কাছে জান্নাতের সুবাতাস ও সুন্দরি আসবে। আর যত দূর তার চোখ যায়, তত দূর পর্যন্ত তার কবরকে সম্প্রসারিত করা হবে। পক্ষান্তরে মৃত ব্যক্তি কাফের হলে সে ফেরেশতাদ্বয়ের প্রশ্নোত্তরে ব্যর্থ হবে। ফলে একজন ঘোষণাকারী এমর্মে ঘোষণা দিবেন যে, সে মিথ্যা বলেছে। অতএব, তার জন্য জাহানামের বিছানা বিছিয়ে দাও, তাকে জাহানামের পোষাক পরিয়ে দাও এবং তার জন্য জাহানাম পর্যন্ত একটি দরজা খুলে দাও, যেদিক দিয়ে তার কাছে জাহানামের তাপ ও বিষ আসবে। আর তার কবরকে তার জন্য এমন সংকীর্ণ করা হবে যে, তার পাজরের হাড়-হাত্তি একটা আরেকটার মধ্যে চুকে যাবে” (তিরমিয়ী, ‘সহীহ’).

অন্য বর্ণনায় এসেছে, “অতঃপর কাফেরের জন্য লোহার হাতুড়ি দিয়ে একজন অন্ধ এবং বধির ফেরেশতা নিযুক্ত করা হবে; ঐ হাতুড়ি দিয়ে যদি পাহাড়কেও মারা হয়, তবুও পাহাড় মাটি হয়ে যাবে। ফেরেশতা ঐ হাতুড়ি দিয়ে তাকে এমন আঘাত করবেন, মানুষ ও জিন ব্যতীত সবাই তার চিংকার শুনতে পাবে। অতঃপর সে মাটির সাথে মিশে যাবে, তারপর তার মধ্যে আবার রূহ প্রদান করা হবে” (আবু দাউদ)। [1]

ফুটনোট

[1] অন্য হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চোগলখোর ও পেশাব থেকে যে বেঁচে থাকত না তার সম্পর্কে বলেন, তারা দু'জন আয়াব প্রাণ হচ্ছে, (অর্থাৎ কবরে) তবে তারা বড় কোনো কিছুতে আয়াব পাচ্ছে না। তাদের একজন পেশাব থেকে বেঁচে থাকতো না, অপরজন চোগলখুরী করত। [বুখারী]

Source — <https://www.hadithbd.com/books/link/?id=1503>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন